

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১২

তারিখ : অক্টোবর ২৩, ২০১২
কার্তিক ০৮, ১৪১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

Non-AD শাখা কর্তৃক বৈদেশিক মুদ্রার কার্যক্রম পরিচালনা প্রসংগে।

সাম্প্রতিককালে কোন কোন Non-AD শাখা কর্তৃক বৈদেশিক মুদ্রা সংক্রান্ত কার্যক্রম পরিচালনার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। এ প্রসংগে উল্লেখ্য যে, ব্যাংক শাখা খোলার অনুমতিপত্রে বৈদেশিক মুদ্রায় লেনদেন/এতদসংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য অত্র কার্যালয়ের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ-এর অনুমোদন গ্রহণ করার বিষয়ে শর্তারোপ থাকলেও কোন কোন শাখা অনুমোদিত ডিলার লাইসেন্স ব্যতিরেকে বৈদেশিক মুদ্রায় লেনদেন/বৈদেশিক মুদ্রায় বিল ক্রয় বা এতদসংক্রান্ত কার্যক্রম পরিচালনা করছে যা কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।

এমতাবস্থায় অনুমোদিত ডিলার লাইসেন্স ব্যতিরেকে কোন ব্যাংক শাখার মাধ্যমে বৈদেশিক মুদ্রায় লেনদেন/বিল ক্রয় বা বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত কোন কার্যক্রম পরিচালনা না করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)

উপমহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৯২